রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৪ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০০০.০৫৬.২৮.০০০১.২৪.৯৫**—এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে নবগঠিত এজেন্সি টু ইনোভেট (এটুআই) এর নির্বাহী কমিটি এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ১০ মোতাবেক নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

ক) নির্বাহী কমিটি গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ১. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | চেয়ারম্যান |
| ২. | অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ৬. | মহাপরিচালক-২, প্রধান উপদেষ্টার কার্যালয় | সদস্য |

| ক্রম. | নাম, পদবি ও দপ্তর | মন্তব্য |
|---|---|---|
| ৭. | ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| ৮. | প্রফেসর ড. মোঃ আব্দুর রাজ্জাক, চেয়ারম্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৯. | ড. তাহসিনা ফারাহ সানাম, অধ্যাপক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১০. | জনাব আয়মান সাদিক, প্রতিষ্ঠাতা, টেন মিনিট স্কুল | সদস্য |
| ১১. | প্রধান নির্বাহী কর্মকর্তা, এজেন্সি টু ইনোভেট (এটুআই) | সদস্য সচিব |

খ) নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি:

১. প্রকল্প, কর্মসূচি ও পরিকল্পনা প্রণয়ন, গ্রহণ, মূল্যায়ন ও পরিবীক্ষণ;

২. এজেন্সির স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংস্কার, উহার বিমাকরণ ও বিমা পরিচালনা;

৩. এজেন্সির কল্যাণে স্থাবর ও অস্থাবর সম্পত্তি বা উহার কোনো অংশ ইজারা বা ভাড়া প্রদানের অনুমোদন; এবং

৪. পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

গ) এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ১০(৪) মোতাবেক নির্বাহী কমিটির ৮, ৯ ও ১০ নং ক্রমিকের সদস্যগণ মনোনয়নের তারিখ হতে পরবর্তী ০২ বছর স্বীয় পদে বহাল থাকবেন।

ঘ) নির্বাহী কমিটির সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

ঙ) সচিব বলতে সিনিয়র সচিবও বুঝাবে।

চ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের গত ১৬.০৭.২০২৫ তারিখের ৫৬.০০.০০০০.০৫৬.২৮.০০০১.২৪.৮৫ নং স্মারকের প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

ছ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবু নাছের**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd